

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৬৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৬৬]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ২৫: তাহাজ্জুদের সালাতে কিয়াম, রুকু', রুকু'র পরে দাঁড়ানো সাজদাহ্ এবং উভয় সাজদার মধ্যে বসায় সমতা রক্ষা করা

باب تَسْوِيَةِ الْقِيَامِ وَالرُّكُوعِ وَالْقِيَامِ بَعْدَ الرُّكُوعِ وَالسُّجُودِ وَالْجُلُوسِ بَيْنَ السَّجْدَتَيْنِ فِي صَلَاةِ اللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ: أَنْبَأَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدٍ الْمَرْوَزِيُّ ثِقَةً، قَالَ: حَدَّثَنَا الْعَلَاءُ بْنُ الْمُسَيَّبِ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ طَلْحَةَ بْنِ يَزِيدَ الْأَنْصَارِيِّ، عَنْ حُذَيْفَةَ، أَنَّهُ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي رَمَضَانَ فَرَكَعَ فَقَالَ فِي رُكُوعِهِ: سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ مِثْلَ مَا كَانَ قَائِمًا، ثُمَّ جَلَسَ، يَقُولُ: رَبِّ اغْفِرْ لِي رَبِّ اغْفِرْ لِي مِثْلَ مَا كَانَ قَائِمًا، ثُمَّ سَجَدَ، فَقَالَ: سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى مِثْلَ مَا كَانَ قَائِمًا، فَمَا صَلَّى إِلَّا أَرْبَعَ رَكَعَاتٍ حَتَّى جَاءَ بِلَالٌ إِلَى الْغَدَاةِ، قَالَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ: هَذَا الْحَدِيثُ عِنْدِي مُرْسَلٌ وَطَلْحَةُ بْنُ يَزِيدَ لَا أَعْلَمُهُ سَمِعَ مِنْ حُذَيْفَةَ شَيْئًا، وَغَيْرُ الْعَلَاءِ بْنِ الْمُسَيَّبِ، قَالَ: فِي هَذَا الْحَدِيثِ، عَنْ طَلْحَةَ، عَنْ رَجُلٍ، عَنْ حُذَيْفَةَ.

تخريج دارالدعوة: انظر الأرقام: ١٠٠٩، ١٠١٠، ١٠٧٠، ١١٢٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1666 - صحيح

বাংলা

১৬৬৫. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) হুযায়ফাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি রসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে এক রমযানে সালাত আদায় করলেন। রসূলুল্লাহ (সা.) রুকু করলেন এবং রুকু'তে বললেন “সুবহা-না রব্বিয়াল আযীম”; তাঁর রুকু প্রায় তাঁর দাঁড়ানো থাকার সমান ছিল। অতঃপর উভয় সাজদার মধ্যে বসে বললেন,

“রব্বিগফিরলী, রব্বিগফিরলী” তাঁর বসে থাকা তার কিয়ামের সমপরিমাণ ছিল। অতঃপর সাজদাহ্ করলেন এবং বললেন, “সুবহা-না রব্বিয়াল আ'লা-” তার সাজদাহও তাঁর কিয়ামের সমপরিমাণ ছিল। মাত্র চার রাকআত সালাত আদায় করলে বিলাল (রাঃ) এসে ফজর সালাতের খবর দিলেন। আবু আবদুর রহমান (নাসায়ী) বলেন, আমার কাছে এ হাদীসটি মুরসাল। আমার জানা মতে ত্বলহাহ ইবনু ইয়াযীদ হুযায়ফাহ (রাঃ) হতে হাদীস শুনেছেন। আলা ইবনুল মুসাইয়্যাব ব্যতীত অন্যরা এ হাদীস বর্ণনায় বলেছেন, ত্বলহাহ সূত্রে এক ব্যক্তির বরাতে হুযায়ফাহ (রাঃ) হতে বর্ণিত।

English

Making the standing, bowing, prostrating, and sitting between the two prostrations, equal in length when praying Qiyam al-Layl

It was narrated from Hudhaifah that: He prayed with the Messenger of Allah during Ramadan. He bowed and said: Subhana Rabbiyal-Azim while bowing, for as long as he had stood. Then he sat down and said: Rabbighfirli, Rabbighfirli (Lord forgive me, Lord forgive me), for as long as he had stood. Then he prostrated and said: Subhana Rabbiyal-'Ala for as long as he had stood And he prayed no more than four rak'ahs when Bilal came for Al-Ghadah.

ফুটনোট

সহীহঃ মুসলিম (১/২৩৩), আবু দাউদ ৮৭১, তিরমিযী ২৬২, ইবনু মাজাহ ১৩৫১, মুসনাদে আহমাদ ২৩৪৪৭। [দ্রঃ ১১৪৫]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90161>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন